

ব্রাহ্মণবাড়িয়ায় ৩৫৭টি প্রাইমারি স্কুলে প্রধান শিক্ষক নেই

■ ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়া জেলায় ১ হাজার ৯৫টি সরকারি প্রাইমারি স্কুলের মধ্যে সদ্য জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ ৩৫৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই। এসব বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে সহকারী শিক্ষকরা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করছেন। ফলে এসব বিদ্যালয়ে পাঠদান বিঘ্ন হচ্ছে।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, সদরে ২১টি, বিজয়নগরে ৩৮টি, সরাইলে ৪৬টি, নাসিরনগরে ৫৩টি, নবীনগরে ৮০টি, কসবায় ৫৭টি, আখাউড়ায় ১১টি, আশুগঞ্জে ১৫টি এবং বাঞ্ছারামপুর উপজেলায় ৩৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই।

খোঁজ নিয়ে জানা গেছে, সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত শিক্ষকদেরকে বিদ্যালয়ে থাকতে হয়। সকাল সাড়ে ৯টা থেকে বিকেল সোয়া ৪টা পর্যন্ত তাদেরকে ক্লাস নিতে হয়। এর মধ্যে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকগণ দাপ্তরিক কাজে উপজেলা শিক্ষা অফিস বা জেলা শিক্ষা অফিসে গেলে অন্য শিক্ষকদের উপর অতিরিক্ত চাপ পড়ে।

এ ব্যাপারে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সুব্রত কুমার বনিক ৩৫৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক না থাকার কথা স্বীকার করে বলেন, প্রধান শিক্ষকদের নিয়োগ প্রক্রিয়া ও সহকারী শিক্ষকদের পদোন্নতির প্রক্রিয়া চলছে। অচিরেই এসব সমস্যার সমাধান হবে।